

যুগান্তর

রাবির 'এ' ও 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

প্রকাশ : ২২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষে 'এ' ও 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রথম দিন তিনটি শিফটে দুটি ইউনিটে পরীক্ষা হয়। সোমবার সকাল ৯টা থেকে ১০টা ৪৫ মিনিট পর্যন্ত ইউনিট-এ'র গ্রুপ-১ পরীক্ষার মধ্য দিয়ে দু'দিনব্যাপী ভর্তি পরীক্ষা শুরু হয়। এরপর ১১টা ৪৫ মিনিট থেকে দুপুর ১টা ৩০ মিনিট পর্যন্ত ইউনিট-এ'র গ্রুপ-২, বিকাল ৩টা থেকে ৪টা ৪৫ মিনিট পর্যন্ত ইউনিট-বি এর গ্রুপ-১ (বাণিজ্য) এবং ইউনিট-বি এর গ্রুপ-২ (অ-বাণিজ্য) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার ভর্তি পরীক্ষা এমসিকিউ ও লিখিত উভয় পদ্ধতিতে হয়। এদিকে সকালে পরীক্ষার হল পরিদর্শন করেন রাবি ভিসি এম আবদুস সোবহান। এ সময় তিনি সাংবাদিকদের বলেন, কোনো প্রকার অপীতিকর ঘটনা ছাড়াই সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে কোনো প্রকার জালিয়াতির সুযোগ নেই। কেউ যাতে জালিয়াতি করতে না পারে সে বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে। এ সময় উপস্থিত ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. আনন্দ কুমার সাহা, প্রফেসর চৌধুরী মো. জাকারিয়া, প্রক্টর প্রফেসর ড. লুৎফর রহমান, ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. লায়লা আরজুমান বানু, জনসংযোগ প্রশাসক প্রফেসর ড. প্রভাষ কুমার কর্মকার প্রমুখ। সংশ্লিষ্ট সূত্র জানায়, ভর্তি পরীক্ষায় তিনটি ইউনিটে ৪ হাজার ৭১৩টি আসনের বিপরীতে ৭৮ হাজার ৯০ জন ভর্তিচ্ছু অংশ নিচ্ছেন। এর মধ্যে 'এ' ইউনিটে ভর্তিচ্ছু ৩১ হাজার ১২৯ জন, 'বি' ইউনিটে ১৫ হাজার ৭৩২ জন ভর্তিচ্ছু ছিলেন। 'সি' ইউনিটে ৩১ হাজার ২২৯ জন ভর্তিচ্ছু রয়েছেন। ভর্তি পরীক্ষার দ্বিতীয় দিন আজ মঙ্গলবার 'সি' ইউনিট পরীক্ষার মধ্য দিয়ে প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা শেষ হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।